গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কাযার্লয়,ঢাকা
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.dhaka.gov.bd

স্মারক নম্বর-৫১.০১.২৬০০.০১৮.৪২.০২৫.২৪-৬৪৪

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২১ মে ২০২৪

প্রেরক: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।

প্রাপক: উপজেলা নির্বাহী অফিসার
সাভার, ঢাকা।

বিষয়: ২০২৩-২০২৪অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর.) নগদ অর্থ কর্মসূচির আওতায় ৩য় কিস্তিতে নির্বাচনী এলাকাভিত্তিক মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ উপবরাদ্দ প্রদান ।

সূত্র : ১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০০১.২৩.১০, তারিখ: ২২/০২/২০২৪খ্রি:
২) উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকার স্মারক নং-৫১.০১.২৬৭০.০০০.৪১.০০৭.২৩.২০২, তারিখ: ০৪/০৪/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর.) কর্মসূচির আওতায় ৩য় কিস্তিতে প্রতিটি নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে ৭১,৩৩,৩৩৩.৩৩ (একাত্তর লক্ষ তেত্রিশ হাজার তিনশত তেত্রিশ দশমিক তিন তিন) টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত টাকা দ্বারা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্য মহোদয় কর্তৃক গৃহীত ও প্রনীত প্রকল্প তালিকা উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা দাখিল করেছেন। দাখিলকৃত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর.) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর ৮.(ক) জেলা কর্ণধার কমিটি(খ) জেলা কর্ণধার কমিটির কার্মপরিধির (১১) নং ক্রমিকের নির্দেশনা মোতাবেক জেলা কর্ণধার কমিটির পরবর্তী সভায় যাচাই বাছাই শেষে অনুমোদন সাপেক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর.) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ ও নিম্নলিখিত শর্তাবলী অনুসরণপূর্বক বাস্তবায়নের নিমিত্ত নির্বাচনী এলাকার নামের পার্শ্বে (এই সঙ্গে সংযুক্ত) ৬ নং কলামে বর্ণিত পরিমাণ টাকা তাঁর অনুকূলে উপবরাদ্দ প্রদান করা হলো।

২। এই ব্যয় চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

| ক্র. নং | নির্বাচনী এলাকার নাম | বরাদ্দকৃত টাকার পরিমাণ | আওতাভুক্ত উপজেলার নাম | গৃহীত প্রকল্প সংখ্যা | উপবরাদ্দকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | নির্বাচনী এলাকা-১৭৫ঢাকা-০২ | ৭১,৩৩,৩৩৩/৩৩ | সাভার | ০৯ (নয়) টি | ১৬,০০,০০০/-(ষোল লক্ষ) |

শর্তাসমূহ :

(১) বরাদ্দকৃত টাকা বিলের মাধ্যমে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণিরোড, ঢাকা হতে উত্তোলন করতে হবে।

(২) বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন কাজ নির্ধারিত তারিখের সম্পন্ন করতে হবে;

(৩) এ কর্মসুচির বরাদ্দকৃত নগদ টাকা ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সর্বশেষ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জারীকৃত গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টি.আর) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুশাসনাবলী অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে ;

(৪) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্প প্রাক্কলন প্রণয়নপূর্বক বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে। কোন অবস্থায় প্রকল্প প্রাক্কলন প্রণয়ন ব্যতিত টাকা ছাড় করা যাবে না।

(৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলারকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

(৬) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মনিন্দর রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইস'র সভাপতি করতে হবে।

(৭) নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়ন কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ ;

চলমান পাতা-০২

(৮) কোন প্রকল্পসমূহ ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত/আইন বিধির আওতায় আনতে হবে;

(৯) প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জন প্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা;

(১০) অবিলম্বে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু এবং অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

(১১) যে কোন প্রকল্প/প্রকল্পসমূহ দ্বৈত হলে কোন অবস্থায় বরাদ্দকৃত টাকা ছাড় করা যাবে না। প্রকল্পটি/প্রকল্পসমূহের অনুকূলে প্রদত্ত বরাদ্দ বাতিলের প্রস্তাব প্রেরণ করতে হবে।

(১২) প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে উপযুক্ত কর্মকর্তা দ্বারা সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;

(১৩) প্রকল্পসমূহে বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখে ও ২০ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও এ কার্যালয়ে প্রেরণ করতে হবে ;

(১৪) প্রকল্পসমূহ বাস্তবায়নের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে, এ কার্যালয়ে প্রেরণ এবং নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও ভাউচার যথারীত তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

(১৫) প্রকল্পসমূহের সংশোধীত প্রাক্কলন প্রনয়ণ ও এক কপি প্রাক্কলন দাখিলপূর্বক প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করতে হবে।

(১৬) প্রতিটি প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করার পূর্বের ছবি এবং বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর ছবি সংরক্ষ করতে হবে।

(১৭) প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর প্রতিটি প্রকল্পের পূর্বের এবং বর্তমান ছবি প্রেরণ করতে হবে।

(১৮) বাস্তবায়ন নির্দেশিবার ১০(ক) অনুযায়ী প্রতিটি প্রকল্পের সাইনবোর্ড প্রকল্প সাইডে স্থাপন করতে হবে। সাইনবোর্ডের ছবি বাস্তবায়ন কাজ শুরু করার তিন দিনের মধ্যে দাখিল করতে হবে।

(১৯) পরিদর্শন,পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২। **এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।**

সংযুক্তি : বর্ণনামতে----

২২/০৫/২০২৪

মো. আব্দুর রহমান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।
ফোন-৪১০৫১০৬৫
মোবাইল: ০১৭০০৭১৬৬৭৮
E-mail.drrodhaka@gmail.com

স্মারক নম্বর-৫১.০১.২৬০০.০১৮.৪২.০২৫.২৪- ৬৪৪

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২১ মে ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

০১। মাননীয় সংসদ সদস্য নির্বাচনী এলাকা----, ঢাকা---

০২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;

০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;

০৫। চিফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা;

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাভার, ঢাকা;

০৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য);

০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (তাঁকে উপবরাদ্দপত্রটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো;

০৯। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিস,ঢাকা;

১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সাভার, ঢাকা;

১১। অফিস কপি।

২২/০৫/২০২৪

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।

এ্যাডভোকেট মোঃ কামরুল ইসলাম
সংসদ সদস্য
১৭৫ ঢাকা-২

Advocate Md. Qamrul Islam
Member of Parliament
175 Dhaka-2

২০২৩-২০২৪ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার (টিআর) কর্মসূচি বিশেষ ৩য় পর্যায়ের প্রকল্প তালিকা:

নির্বাচনী এলাকা-১৭৫, ঢাকা-০২ এর সাভার অংশ=১৬,০০,০০০/- টাকা।
উপজেলা-সাভার, জেলা-ঢাকা।

## প্রকল্প তালিকা

| ক্রমিক নং | ইউনিয়ন | প্রকল্পের নাম | বরাদ্ধকৃত টাকার পরিমান |
|---|---|---|---|
| ০১ | ভাকুর্তা | তুলাতুলী গ্রামের কোল হইতে বিল্লাল ফকিরের ঘাট পর্যন্ত রাস্তা সংস্কার | ২,০০,০০০/- |
| ০২ | ভাকুর্তা | চাইরা ব্রীজ হইতে খাগুরিয় রাস্তা সংস্কার | ২,০০,০০০/- |
| ০৩ | ভাকুর্তা | আহসান উল্লাহর বাড়ী হইতে রহিম আলীর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার | ২,০০,০০০/- |
| ০৪ | ভাকুর্তা | চনারচর মসজিদের মোড় হইতে নদীর ঘাট পর্যন্ত রাস্তা সংস্কার | ২,০০,০০০/- |
| ০৫ | ভাকুর্তা | ভাকুর্তা ইউনিয়ন পরিষদ সংস্কার | ২,০০,০০০/- |
| ০৬ | ভাকুর্তা | ভাকুর্তা স্কুল এন্ড কলেজের মাঠ সংস্কার | ২,০০,০০০/- |
| ০৭ | ভাকুর্তা | শ্যামলাশী কলাটিয়া পাড়া প্রধান সড়ক হইতে নদীর ঘাট পর্যন্ত রাস্তা সংস্কার | ২,০০,০০০/- |
| ০৮ | ভাকুর্তা | নলাগড়ীয়া মুসিলে উদ্দিনের বাড়ি হইতে কামাল মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা সংস্কার | ১,০০,০০০/- |
| ০৯ | ভাকুর্তা | বটতলা মন্দিরের উন্নয়ন। | ১,০০,০০০/- |
| | | মোট = | ১৬,০০,০০০/- |

জেলা কর্ণধার কমিটির পরবর্তী সভায় অনুমোদন সাপেক্ষে এই প্রকল্প তালিকা ও তালিকার বর্ণিত খাদ্য শস্য/নগদ টাকা অনুমোদন দেওয়া হলো।

২৫/০৪/২০২৪
মোঃ আব্দুর ...
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা

০৪/০৪/২৪
মোঃ জিল্লুর রহমান রাশেদ
উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
সাভার, ঢাকা।

০৪/০৪/২৪
রাহুল চন্দ
উপজেলা নির্বাহী অফিসার
সাভার, ঢাকা।

২৮.০৩.২৪
এ্যাডভোকেট মোঃ কামরুল ইসলাম
সংসদ সদস্য
১৭৫, ঢাকা-২